

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৪২) তাকদীর লিখার স্তরে কয়টি তাকদীর লিখা হয়েছে?

উত্তরঃ পাঁচটি তাকদীর লিখা হয়েছে। তবে সবগুলোই আল্লাহর ইল্ম অনুযায়ী লিখা হয়েছে। সুতরাং তাকদীর পাঁচটি হচ্ছেঃ

- (১) প্রথম তাকদীরটি আল্লাহ্ আসমান ও যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর পূর্বে লিখেছেন। কলম সৃষ্টি করে তাকে লিখতে বললেন। একে তাকদীরে আযালী তথা চিরন্তন বা চিরস্থায়ী তাকদীর বলা হয়।
- (২) তাকদীরে উমরী অর্থাৎ সারা জীবনের তাকদীর। যেদিন আল্লাহ্ তাআলা

(أُلَسْتُ بِرَبِّكُمْ)

''অর্থাৎ আমি কি তোমাদের প্রভু নই''? একথা বলে অঙ্গিকার নিয়েছিলেন সেদিন নির্ধারণ করেছেন।

- (৩) তৃতীয় তাকদীরটিকেও তাকদীরে উমরী বলা হয়। মাতৃগর্ভে বীর্য থেকে সন্তান তৈরী হওয়ার সময় লিখিত তাকদীর।
- (৪) বাৎসরিক তাকদীর। এটি লাইলাতুল কদরে হয়ে থাকে।
- (৫) দৈনন্দিনের তাকদীর। পূর্বনির্ধারিত প্রত্যেক তাকদীর আপন আপন স্থানে বাস্তাবয়ন করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11956

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন